

যুক্তরাজ্যে উড্ডয়নের পরই বিধ্বস্ত হলো উড়োজাহাজ

- A Monitor Desk Report

Date: 14 July, 2025



ঢাকাঃ যুক্তরাজ্যের দক্ষিণপশ্চিম ইংল্যান্ডের এসেক্স জেলার সাউথএন্ড বিমানবন্দরে উড্ডয়নের পরই বিধ্বস্ত হয়েছে একটি বিচক্র্যাফট বি ২০০ উড়োজাহাজ। রবিবার (১৩ জুলাই) স্থানীয় সময় বিকেল ৪টার দিকে ঘটেছে এই ঘটনা।

এসেক্স পুলিশ এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে।

বিবৃতিতে বলা হয়েছে, “আমরা জানতে পেরেছি যে বিকেল ৪টার দিকে সাউথেন্ড বিমানবন্দরে ১২ মিটার দীর্ঘ একটি উড়োজাহাজ বিধ্বস্ত হয়েছে। আমাদের পুলিশ সদস্যরা এবং জরুরি পরিষেবা কর্মীরা বর্তমানে ঘটনাস্থলে আছেন এবং নিজ নিজ দায়িত্ব পালন করছেন। আরও বেশ কয়েক ঘণ্টা তারা সেখানে থাকবেন।”

“সাধারণ লোকজনকে অনুরোধ করছি যে যতক্ষণ আমাদের কাজ চলবে ততক্ষণ যেন তারা বিমানবন্দর এলাকা এড়িয়ে চলেন।”

বিচক্র্যাফট বি ২০০ একপ্রকার ছোট উড়োজাহাজ। ২জন পাইলট এবং সর্বোচ্চ ৯ জন যাত্রী নিয়ে উড়োজাহাজটি উড়তে পারে। দুর্ঘটনার সময় উড়োজাহাজটিতে কতজন যাত্রী ছিল কিংবা আদৌ ছিল কি না সে সম্পর্কে কোনো তথ্য দেয়নি এসেক্স পুলিশ। দুর্ঘটনায় হতাহতের সংখ্যাও এখন পর্যন্ত জানা যায়নি।

বিমানবন্দর সূত্রে জানা গেছে, নেদারল্যান্ডসের উদ্দেশে রওনা হওয়া উড়োজাহাজটি ওড়ার পরমুহূর্তেই ভেঙে পড়ে। সঙ্গে সঙ্গে বিস্ফোরণে দাউদাউ করে জ্বলে ওঠে ভগ্নাবশেষ। কালো ধোঁয়ায় ঢেকে যায় চারদিক।

আগুন নেভাতে বিমানবন্দরে কর্মীবাহিনী পাঠিয়েছে এসেক্স কাউন্টি ফায়ারসার্ভিস। এসেক্সভিত্তিক অ্যাম্বুলেন্স পরিষেবা সংস্থা দ্য ইস্ট অব ইংল্যান্ড জানিয়েছে, ইতোমধ্যে ঘটনাস্থলে ১টি এয়ার অ্যাম্বুলেন্সসহ ৪টি অ্যাম্বুলেন্স পাঠিয়েছে সংস্থাটি।

কী কারণে এই দুর্ঘটনা ঘটলো তা এখনও জানা যায়নি। এদিকে দুর্ঘটনার পর বিমানবন্দর অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ। এক বার্তায় সাউথএন্ড বিমানবন্দরের কর্তৃপক্ষ বলেছে, পরবর্তী নোটিশ আসার আগ পর্যন্ত বন্ধ থাকবে বিমানবন্দর।

ফ্লাইট ট্র্যাকিং বিষয়ক আন্তর্জাতিক সংস্থা ফ্লাইটরাডার ২৪ জানিয়েছে, ধ্বংস হওয়া উড়োজাহাজটি ছিল নেদারল্যান্ডভিত্তিক উড়োজাহাজ পরিষেবা সংস্থা জিউশ এভিয়েশনের।

অসুস্থ রোগীদের পরিবহন করার কাজে ব্যবহার করা হতো

এটি এবং ভেতরে বিভিন্ন মেডিকেল সরঞ্জাম ছিল। বিধ্বস্ত হওয়ার সময় উড়োজাহাজটিতে যাত্রী ছিল কি না তা এখনও জানা যায়নি।

-B